

## স্কুলেই মারামারি করে শিক্ষক ও শিক্ষিকা শ্রীঘরে

বরিশাল অফিস  
বরিশালের উত্তরপুর উপজেলার খানরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর কবির ওরফে মামুন (৪০) ও সহকারী শিক্ষিকা মাহমুদা খানম (৩০) বিদ্যালয়ে মারামারিতে লিপ্ত হওয়ার উভয়কে ভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়ে জেলহাজতে পাঠিয়েছেন ত্রাণমাণ আদালত।  
গত সোমবার সকাল সাড়ে ১১টার দিকে বিদ্যালয়ের শিক্ষক লাইব্রেরিতে দুই শিক্ষকের মধ্যে মারামারির ঘটনা ঘটে। পরে রাত ৮টার দিকে ত্রাণমাণ আদালতের বিচারক উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. সোহরাব পৃষ্ঠা ৮ ক. ৪

## স্কুলেই মারামারি করে শিক্ষক

গত সোমবার সকাল সাড়ে ১১টার দিকে শিক্ষক লাইব্রেরিতে প্রধান শিক্ষক মামুনের সঙ্গে শিক্ষিকা মাহমুদা খানমের কথাকাটাকাটি বাধে। একপর্যায়ে প্রধান শিক্ষক ভিত্তি হয়ে মাহমুদাকে ভূতাপটা করেন। এ ঘটনায় বিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্তি ও অভিভাবকরা বিক্ষোভ মিছিল করে ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ করে রাখেন। পরে পুলিশ এসে উভয় শিক্ষককে শান্ত করে থানায় নিয়ে আসেন। একপর্যায়ে বিফুর নিজামী ও অভিভাবকরা প্রধান শিক্ষকের বিচার দাবিতে থানায় জড়ো হয়ে স্লোগান দিতে থাকেন। ওই সময় থানার পাশেই মহিলাবিষয়ক অধিদপ্তরের একটি অনুষ্ঠানে বক্তৃতা দিচ্ছিলেন জেলা প্রশাসক নহীদুল আলম। বিষয়টি জানতে পেরে তিনি তাৎক্ষণিক ইউএনওকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। সে অনুযায়ী রাত্রেই ত্রাণমাণ আদালত বসানো হয়। শিক্ষিকা মাহমুদা খানম আদালতকে বলেন, ২০০৭ সালে প্রধান শিক্ষক জাহাঙ্গীর কবির ও তিনি বিবাহ বন্ধনে আবদ্ধ হন। সম্প্রতি প্রধান শিক্ষক তাঁকে নাম কাটিয়ে চলা শুরু করেন। এ বিষয়ে গত ৫ শেখতর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, মহাপরিচালক, শিক্ষামন্ত্রী ও প্রাথমিক শিক্ষা কর্মকর্তার করাবর সিমিতভাবে অবহিত করেছেন তিনি। তবে প্রধান শিক্ষক মামুন বিয়ের বিষয়টি অস্বীকার করে বলেন, আমি মাহমুদাকে কখনো বিয়ে করিনি। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বন্দুকার মজিবুর রহমান ও কিছু শিক্ষকদের স্বচক্ষে মাহমুদা আমাকে হেয় করার জন্য পরিকল্পিতভাবে দ্রুত চলাকালীন সময় শ্রেণীকক্ষে ঢুকে হাতী বলে আপটে ধরে। উত্তরপুর থানার ওসি মো. আনোয়ার হোসেন জানান, উপজেলার খানরাইল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহাঙ্গীর কবির মামুনের সঙ্গে ওই বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা মাহমুদা খানমের স্নেহের সম্পর্ক ছিল। সোমবার বিদ্যালয়ে চলাকালীন দুজনের মধ্যে কথাকাটাকাটি হয়। একপর্যায়ে তাঁরা মারামারিতে জড়িয়ে পড়েন। ফর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে উভয়কে আটক করে রাত্রে ত্রাণমাণ আদালতে হাজির করলে আদালত তাঁদের ভিন্ন মেয়াদে কারাদণ্ড দেন। গতকাল সকালে তাঁদের পুলিশ হেফাজতে বরিশাল কেন্দ্রীয় জেলহাজতে পাঠানো হয়েছে।